# সিয়াম বিষয়ক নির্বাচিত ফাতওয়া

বিভাগ/অধ্যায়ঃ কাযা এর নিয়্যাতে নাফল সিয়াম পালনের হুকুম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলাম কিউ এ (Islamqa.com)

যদি কোন মুসলিম নারী সোম ও বৃহস্পতিবারের সিয়াম পালনে অভ্যস্থ হয়ে থাকে, তবে কি তাঁর জন্য সেই সিয়ামের দ্বারা রমযান মাসের ফাওত হওয়া (ছুটে হওয়া দিনগুলোর) কাযা আদায় করার সুযোগ নেয়া জায়েয নাকি নিয়্যাত স্বতন্ত্র (আলাদা) হওয়া ওয়াজিব?

ফাত্ওয়া নং- 11784

উত্তর : সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

“রমযান মাসের ছুটে যাওয়া দিনগুলোর কাযা আদায় করতে সোম ও বৃহস্পতিবারের সিয়াম পালনে কোনো দোষ নেই এই শর্তে যে, সেই সিয়াম রমযানের কাযা করার নিয়্যাতে হতে হবে। হতে পারে তিনি একসাথে দুই বার সাওয়াব (প্রতিদান) পাবেন- কাযা এর সাওয়াব ও নাফল সিয়াম এর সাওয়াব; আল্লাহর করুণা তো প্রশস্ত।

আর যদি ধরে নেয়া হয় যে তিনি শুধু কাযা আদায় করতে পারছেন তবে কাযা নাফল সিয়াম থেকে উত্তম, আর যদি তিনি নাফল সিয়ামের নিয়্যাত করে থাকেন এবং কাযা এর নিয়্যাত না করে থাকেন, তবে এর দ্বারা ফরয আদায় হবে না এবং তাঁকে রমযানে ভঙ্গ করা সাওমগুলোর কাযা আলাদাভাবে করতে হবে।

আল্লাহই সবচেয়ে ভালো জানেন। আল্লাহ আমাদের নাবী, তাঁর পরিবারবর্গ ও সাহাবীগণের উপর সালাত (প্রশংসা) বর্ষণ করুন।”

[কিতাব ফাত্ওয়া ইসলামিয়্যাহ (খন্ড-২, পৃঃ ১৪৯-১৫০), ফাত্ওয়া আল-লাজ্নাহ আদ্-দা’ইমাহ (খন্ড-১০, পৃঃ ৩৮৩)]

Islam Q & A

Source — https://www.hadithbd.com/books/link/?id=4266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন